


“ রেজুলেশন ”

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

স্থান : উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর ।


তারিখ : ০৮/০৯/২০২১ইং সময় : সকাল ১১.০০ ঘটিকা

ক্রমিক নং	উপস্থিত সদস্যবৃন্দ	পদবী	স্বাক্ষর
০১	মো: ইছাহাক মোল্যা, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর ।	সভাপতি স্থায়ী কমিটি	
০২	পরিমল চন্দ্র দাস, চেয়ারম্যান তুজারপুর ইউপি, ভাংগা, ফরিদপুর ।	সদস্য স্থায়ী কমিটি	
০৩	মো: মোতালেব মাতুব্বর, চেয়ারম্যান আজিমনগর ইউপি, ভাংগা, ফরিদপুর ।	সদস্য স্থায়ী কমিটি	
০৪	আবু সাঈদ মিয়া, চেয়ারম্যান মানিকদহ ইউপি, ভাংগা, ফরিদপুর ।	সদস্য স্থায়ী কমিটি	
০৫	আ: মালেক মিয়া, উপজেলা প্রকৌশলী এলজিইডি, ভাংগা, ফরিদপুর ।	সদস্য সচিব স্থায়ী কমিটি	

অদ্য ০৮/০৯/২০২১ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ে তাঁহার সভাপতিত্বে উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। সভাপতি সাহেবের অনুমতিক্রমে জনাব আ: মালেক মিয়া, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভাংগা, ফরিদপুর ও সদস্য সচিব, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, সভায় জানান যে, পাকা ইমারত টেকসই ও মজবুত করনের লক্ষ্যে রাজমিস্ত্রীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রয়োজন এবং উপজেলা বিভিন্ন অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের E-নথি ও ওয়েব পোর্টাল বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরী করে প্রেরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে রাজমিস্ত্রীদেরকে পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২১-২০২২ ইং অর্থ বৎসরে ১ম কিস্তিতে ১৭,৭৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। ১ম কিস্তি অনুযায়ী আরও ৩(তিন) কিস্তিসহ (সম্ভাব্য) সর্বমোট = $(17,78,000 \times 8) = 142,24,000/-$ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে বিভিন্ন ইউনিয়ন, বিশেষ ব্যক্তি, বিভিন্ন অফিস, উপজেলা চেয়ারম্যান ও মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-৪ মহোদয়ের নিকট হইতে প্রাপ্ত প্রকল্প সমূহ যাচাই বাছাই কমিটি কর্তৃক বাস্তবায়নের জন্য তালিকা প্রস্তুত করা হইয়াছে।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আ: মালেক মিয়া)
উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব
স্থায়ী কমিটি
ভাংগা, ফরিদপুর।




(মো: ইছাহাক মোল্যা)
ভাইস চেয়ারম্যান

ও

আহ্বায়ক
স্থায়ী কমিটি
ভাংগা, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাংগা, ফরিদপুর।
- ৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, তুজারপুর/মানিকদহ/আজিমনগর ইউনিয়ন পরিষদ, ভাংগা, ফরিদপুর।
- ৫। অফিস কপি।



(আ: মালেক মিয়া)
উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব
স্থায়ী কমিটি
ভাংগা, ফরিদপুর।